কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল ইউরেনিয়ামের চতুর্থ চালান



ছবি: সংগৃহীত

কড়া নিরাপত্তার মধ্য দিয়ে পাবনার ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ইউরেনিয়ামের চতুর্থ চালান পৌঁছেছে। শনিবার (৩১ অক্টোবর) সকাল ৭টা ১৭ মিনিটে সেনাবাহিনীর তত্ত্বাবধানে তিনটি বিশেষায়িত লরি প্রকল্প এলাকায় প্রবেশ করে।

ঈশ্বরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুর রহমান চালান পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করেছেন। প্রকল্পসংশ্লিষ্ট সূত্র জানায়, প্রথম ইউনিটের পুনরায় জ্বালানি সরবরাহের জন্য একটি এবং দ্বিতীয় ইউনিটের জন্য তিনটি চালান এসেছে।

রাশিয়ার রাষ্ট্রীয় সংস্থা রোসাটমের পরিকল্পনা অনুযায়ী, দ্বিতীয় ইউনিটের জন্য সাতটি কার্গো বিমানে ১৬৩টি এবং প্রথম ইউনিটের জন্য দুটি কার্গোতে ৪৮টি ইউরেনিয়াম অ্যাসেম্বলি আনার কথা রয়েছে। সব মিলিয়ে নয়টি চালানে এসব জ্বালানি দেশে পৌঁছানোর পরিকল্পনা রয়েছে।

রাশিয়ার প্রযুক্তিতে নির্মিত কেন্দ্রটিতে ভিভিইআর-১২০০ মডেলের দুটি ইউনিট রয়েছে। প্রথম ইউনিটে ইতিমধ্যে ‘পাওয়ার স্টার্টআপ স্টেজ-সি’ কার্যক্রম শুরু হয়েছে। গত বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (বায়েরা) চেয়ারম্যান এ পর্যায়ের কার্যক্রমের অনুমোদন দেন।

এ পর্যায়ে রিঅ্যাক্টরের ক্ষমতা ধাপে ধাপে বাড়িয়ে যন্ত্রপাতি, টারবাইন-জেনারেটর ও নিরাপত্তাব্যবস্থা পরীক্ষা করা হবে। পরীক্ষা সফল হলে প্রথম ইউনিটের জেনারেটর জাতীয় গ্রিডের সঙ্গে যুক্ত করা হবে। পরিকল্পনা অনুযায়ী, আগামী নভেম্বরে পরীক্ষামূলকভাবে প্রায় ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ গ্রিডে দেওয়ার লক্ষ্য রয়েছে। তবে তা নিয়ন্ত্রক সংস্থার অনুমোদন ও শর্ত পূরণের ওপর নির্ভর করছে।